দামুড়হুদার হাউলী ইউনিয়নে বাবু খানের নির্বাচনী পথসভা

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ১নং ওয়ার্ড থেকে বিএনপির নির্বাচনী প্রচারণা শুরু হয়েছে। এ উপলক্ষে গতকাল বুধবার বিকেলে হাউলী ইউনিয়ন বিএনপির আয়োজনে জয়রামপুর চৌধুরীপাড়া ঈদগাহ মাঠে এক পথসভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা-০২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী, জেলা বিএনপির সভাপতি, বিজিএমইএ সভাপতি ও কেন্দ্রীয় কমিটির উপ-কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “অনেক দিন পর এ দেশের মানুষ ভোট দিতে পারবে। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের অধীনে আগামী ২০২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। রাষ্ট্র সংস্কারে বিএনপির ৩১ দফা কর্মসূচি নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে ধর্মীয় স্বাধীনতা, নারীর ক্ষমতায়ন, কৃষি ও কৃষকের উন্নয়নসহ মোট ৩১ দফা কর্মসূচি দেওয়া হয়েছে।”

তিনি আরও বলেন, “আপনারা দয়া করে নারীদের, বাড়ির মহিলাদের বিএনপির ধানের শীষের কথা বলবেন। একটি দল জান্নাতের কথা বলে মা-বোনদের বিভ্রান্ত করছে। কেউ যেন বিভ্রান্ত না হয়, সে বিষয়ে পুরুষদের বিশেষ খেয়াল রাখতে হবে। ভোট জনগণের অধিকার সবাই যে ধানের শীষে ভোট দেবে, তা নয়। কিন্তু কেন ধানের শীষে ভোট দিতে হবে, তা সাধারণ মানুষকে বোঝাতে হবে। দেশনায়ক তারেক রহমানের ৩১ দফা কর্মসূচির কথা মানুষকে বুঝাতে হবে। তারা যদি বুঝতে পারে, তাহলে অবশ্যই ধানের শীষে ভোট দেবে। কারণ এই ৩১ দফা বাস্তবায়ন হলে সব মানুষেরই কোনো না কোনোভাবে উপকার হবে, ইনশাআল্লাহ।”

হাউলী ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি আক্কাস আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ হাসান মিল্টন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সহসভাপতি সোলেমান মল্লিক, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর

আবুল হাসেম, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সহসভাপতি মহিউদ্দিন, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, জেলা যুবদলের সাধারণ সম্পাদক সাইফুর রহমান ঝন্টু, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, জেলা ছাত্রদলের সভাপতি শাজাহান খান, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসেন বাবু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তামিম হোসেন, সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিকসহ হাউলী ইউনিয়নের বিএনপির নেতৃবৃন্দ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কামরুজ্জামান।

সভায় বক্তারা বলেন, এলাকার বিভিন্ন রাস্তা-ঘাট দীর্ঘদিন ধরে অযত্নে পড়ে আছে। বিশেষ করে চৌধুরীপাড়া, তারিনিপুর, ডুগডুগিসহ আশপাশের এলাকার কৃষকরা ফসল পরিবহনে ভোগান্তিতে পড়ছেন। এ সমস্যা সমাধানসহ জনগণের অধিকার ফিরিয়ে আনতে বিএনপির প্রার্থীকে বিজয়ী করার আহ্বান জানান বক্তারা।

পথসভা শেষে প্রধান অতিথি মাহমুদ হাসান খান বাবু দামুড়হুদা পুড়াপাড়া সার্বজনীন শ্রীশ্রী রাধামাধব মন্দিরে নামযজ্ঞ অনুষ্ঠানে যোগ দেন এবং হিন্দু সম্প্রদায়ের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। পরে একে একে জয়রামপুর ইয়ুথ ক্লাব, ডুগডুগি, ছোট দুধপাতিলা ও বড় দুধপাতিলা গ্রামে ধারাবাহিকভাবে নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় মা-মেয়ে বিদ্যুৎস্পৃষ্টে গুরুতর আহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা সদরের গুলশানপাড়ায় মা-মেয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হয়েছেন। মঙ্গলবার সকাল ৯টার দিকে নিজ বাড়ির ছাদে কাপড় মেলতে গিয়ে এ দুর্ঘটনা ঘটে।

আহতরা হলেন গুলশানপাড়ার ইটভাটা ব্যবসায়ী আনোয়ার হোসেনের স্ত্রী ছালেহা খাতুন (৫৭) এবং তাঁদের মেয়ে দামুড়হুদা পাইলট স্কুল অ্যান্ড কলেজের প্রভাষক উম্মে তাসমিমা কুলছুম টনি (৩৫)।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল ৯টার দিকে বাড়ির চারতলা ছাদে কাপড় মেলতে গিয়ে জিআই তার দিয়ে আড়া তৈরি করার সময় ছালেহা খাতুনের হাত ফসকে তারটি পাশ দিয়ে যাওয়া বিদ্যুতের মেইন লাইনে গিয়ে পড়ে। এতে হাতে থাকা তারে বিদ্যুৎ সংযোগ হয়ে মা ও মেয়ের শরীরে আগুন ধরে যায়। মুহূর্তের মধ্যে শরীরের অনেকাংশ পুড়ে গেলে তারা গুরুতর আহত হন।

পরিবারের লোকজন ও ভাড়াটিয়ারা চিৎকার শুনে দ্রুত তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য তাদের ঢাকায় পাঠান।

আহতদের স্বজন দামুড়হুদা পাইলট গার্লস স্কুল অ্যান্ড কলেজের সহকারী শিক্ষক হারুন অর রশীদ জানান, আমার ভাবী ও মেয়ে ছাদে কাপড় মেলতে গিয়ে দুর্ঘটনার শিকার হন। জিআই তার হাত ফসকে বিদ্যুৎ লাইনে ঠেকায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে দুজনেই গুরুতর দগ্ধ হন।

দামুড়হুদা পল্লী বিদ্যুৎ অফিসের ইনচার্জ আমিরুল ইসলাম বলেন, প্রাথমিকভাবে জানা গেছে, কাপড় মেলার আড়া তৈরি করতে গিয়ে হাত ফসকে জিআই তার পাশের মেইন লাইনে পড়লে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মা ও মেয়ে গুরুতর আহত হয়েছেন।

দামুড়হুদায় নির্বাচনী পথসভায় বাবু খানের আগমন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে আগামীকাল বুধবার অনুষ্ঠিতব্য নির্বাচনী পথসভায় চুয়াডাঙ্গা জেলা বিএনপির

সভাপতি ও বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান বাবুর আগমন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেল সাড়ে ৩টার দিকে হাউলী ইউনিয়নের ডুগডুগি ইউনিয়ন পরিষদের হলরুমে ইউনিয়ন বিএনপির আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির এবং প্রধান বক্তা ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথির বক্তব্যে মনিরুজ্জামান মনির বলেন, দেশে আজ ভোটাধিকার, বাকস্বাধীনতা ও গণতন্ত্র হুমকির মুখে। জনগণের প্রিয় নেতা তারেক রহমানের নেতৃত্বে আমরা ঐক্যবদ্ধভাবে গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে আছি। বাবু খানের আগমন শুধু একটি পথসভা নয়, এটি হবে জনগণের জাগরণের বার্তা। আমরা হাউলী ইউনিয়ন থেকে নতুন উদ্যমে ভোটের প্রস্তুতি নিচ্ছি।

প্রধান বক্তা রফিকুল হাসান তনু বলেন, দলীয় নেতা-কর্মীদের ঐক্যই আমাদের সবচেয়ে বড় শক্তি। আগামী দিনের ভোট হবে জনগণের অধিকার ফিরিয়ে আনার জন্য। বাবু খানের এই সফর হাউলী ইউনিয়নের বিএনপি কর্মীদের নতুন প্রেরণা দেবে। সকল নেতাকর্মীকে শৃঙ্খলা বজায় রেখে এই পথসভা সফল করার আহ্বান জানাচ্ছি।

হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কামরুজ্জামানের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইদ্রিস আলী, হাউলী ইউনিয়ন বিএনপির সহসভাপতি মহিউদ্দিন, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেনসহ হাউলী ইউনিয়নের ৯টি ওয়ার্ড বিএনপির সুপার ফাইভ নেতৃবৃন্দ।

সভা শেষে বাবু খানের আগমনকে ঘিরে নানা প্রস্তুতি ও কর্মসূচি গ্রহণ করা হয়। জানা গেছে, বুধবার বেলা ৩টায় লোকনাথপুর হেলিপোর্ট মাঠে নেতা-কর্মীরা মাহমুদ হাসান খান বাবুকে রিসিভ করবেন। এরপর প্রথম পথসভা অনুষ্ঠিত হবে হাউলী ইউনিয়নের জয়রামপুর চৌধুরী পাড়া ঈদগাহ মাঠে।

পরবর্তীতে একে একে দামুড়হুদা সদর ইউনিয়নের পুড়াপাড়া, জয়রামপুর

ইয়ুথ ক্লাব, ডুগডুগি পশুহাট সংলগ্ন এলাকা, ছোট দুধপাতিলা এবং সবশেষে বড় দুধপাতিলায় নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হবে।

দামুড়হুদার নতিপোতায় কৃষকের হাতে কৃষি কর্মকর্তা লাঞ্ছিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় চাহিদামত সার না পাওয়ায় ক্ষিপ্ত হয়ে কৃষক আব্দুল কাদের উপ-সহকারী কৃষি কর্মকর্তা নাসির উদ্দীনকে লাঞ্ছিত করেছেন। ঘটনা ঘটেছে সোমবার সকাল সাড়ে ১০টার দিকে নতিপোতা বাজারে। কৃষক আব্দুল কাদের উপজেলার নতিপোতা গ্রামের মনির উদ্দীনের ছেলে।

উপ-সহকারী কর্মকর্তা নাসির উদ্দীন এ ঘটনায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও দামুড়হুদা মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সূত্রে জানা গেছে, গতকাল সোমবার সকাল ১০টার দিকে উপজেলার নতিপোতা বাজারে বিসিআইসি সার ডিলার মের্সাস শাহিন আক্তারের দোকানে সার বিক্রি চলছিল। কৃষক আব্দুল কাদের দুই নামে ২০ কেজি করে মোট ৪০ কেজি টিএসপি সার ক্রয় করেন।

এই সময় উপ-সহকারী কৃষি কর্মকর্তা নাসির উদ্দীন সার বিক্রয় তদারকি করছিলেন এবং ডিলারের পাশে কৃষকদের সঙ্গে রবি মৌসুমের সার ব্যবস্থাপনা ও চাষাবাদ নিয়ে আলাপচারিতা করছিলেন। এরই এক ফাঁকে কৃষক আব্দুল কাদের আচমকা নাসির উদ্দীনকে মাথায় আঘাত করেন। নাসির উদ্দীন জানান, চাহিদামত সার না পাওয়ায় কৃষক ক্ষিপ্ত হয়ে এই আচরণ করেছেন।

অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিত কুমার বিশ্বাস বলেন, তিনি অফিসে ছিলেন না, তবে বিষয়টি শুনে কর্তৃপক্ষকে জানানো হয়েছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র জানান, সন্ধ্যায় উপ-সহকারী কৃষি কর্মকর্তার লিখিত অভিযোগ পেয়েছি, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় ছাত্র-ছাত্রীদের সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় “তারুণ্যের উৎসব ২০২৫” উদযাপন উপলক্ষে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক কর্মসূচি ২০২৫-২৬ এর আওতায় (অনুর্ধ্ব-
১৫) ছাত্র-ছাত্রীদের সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই স্লোগানকে সামনে রেখে বৃহস্পতিবার সকাল ১১টায় জেলা ক্রীড়া অফিসের আয়োজনে উপজেলার কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন পুকুরে এই সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলার দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুল, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল অ্যান্ড কলেজ, জুড়ানপুর মাধ্যমিক বিদ্যালয়, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয় ও দামুড়হুদা ডিএস দাখিল মাদরাসার ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীরা ক ও খ গ্রুপে বিভক্ত হয়ে চিত সাঁতার, মুক্ত সাঁতার, বুক সাঁতার ও প্রজাপতি সাঁতার এই চারটি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।
প্রত্যেক ক্যাটাগরিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

জেলা ক্রীড়া অফিসার সেলিম রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ইকবাল হোসেন।

সাঁতার প্রশিক্ষক আশরাফুল আলমের পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শারীরিক শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান, আব্দুল খালেক, সিদ্দিকুর রহমানসহ সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীরা।

দামুড়হুদায় মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৪নং ওয়ার্ডে বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের উদ্যোগে এক কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেল ৪টার দিকে ইউনিয়ন বিএনপির আয়োজনে তারিনীপুর গ্রামের ঈদগাহ মাঠ প্রাঙ্গণে এই কর্মীসভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ। প্রধান বক্তা ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী।

হাউলী ইউনিয়নের ৪নং ওয়ার্ড বিএনপির সভাপতি শমসের আলীর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সহ-সভাপতি সলেমান মল্লিক।

প্রধান অতিথি আব্দুল ওয়াহেদ বলেন, আগামী জাতীয় নির্বাচন হচ্ছে গণতন্ত্র পুনরুদ্ধারের সংগ্রাম। দেশের জনগণ আজ পরিবর্তন চায়, তাই প্রতিটি নেতাকর্মীকে ঐক্যবদ্ধ থেকে কাজ করতে হবে।

প্রধান বক্তা ইউসুফ আলী বলেন, এই কর্মীসভা আমাদের নারীদের সংগঠিত হওয়ার প্রেরণা দিচ্ছে। ঘরে ঘরে বিএনপির বার্তা পৌঁছে দিতে মহিলা দলের নেত্রীদের ভূমিকা এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ। নির্বাচনকে সামনে রেখে নারীদের সক্রিয় অংশগ্রহণই হবে আন্দোলনের শক্তি। বিশেষ অতিথি সলেমান মল্লিক বলেন, আমরা আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের নেতৃত্বে গণতন্ত্র পুনরুদ্ধার করব। নারী সমাজই হবে এই আন্দোলনের অগ্রদূত।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, উপজেলা বিএনপির সদস্য ওহেদুজ্জামান, হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কামরুজ্জামান, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা, ৩নং ওয়ার্ড বিএনপির সভাপতি আবু হাসান,

সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, মহিলা দলের নেত্রী রাবেয়া, শিউলী, খোদেজা বেগম, আরিছন, পরিছন, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক আশাদুল হক, জেলা ছাত্রদলের পাঠাগার সম্পাদক আরিফুল ইসলাম, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল ইসলাম রকি, ৪নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি রুবেল হোসেন ও সাংগঠনিক সম্পাদক আমিনুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির যুবদল নেতা শাহাজাহান আলী, তরিকুল ইসলাম রানা, বখতিয়ার হোসেন, সাজেদুল ইসলাম, আশান আলীসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

দামুড়হুদায় বাবার কাছে নেশার টাকা না পেয়ে ঘরের টিন ও ইট বেঁচে দিলেন নেশাগ্রস্ত ছেলে

দামুড়হুদা উপজেলার বড়দুধপাতিলা পৃর্ব পাড়ায় বাবার কাছে নেশার ৫ হাজার টাকা না পাওয়ায় ঘরের টিন ও ইট বেঁচে দিলেন ছেলে সুমন।

ঘটনার বিবরণে জানা যায়, গত শনিবার দামুড়হুদা উপজেলার বড়দুধপাতিলা পূর্বপাড়ার ভ্যানচালক ইউনুসের কাছে নেশাগ্রস্ত ছেলে সুমন (৩৫) ৫ হাজার টাকা চাই। বৃদ্ধ বাবা টাকা দিতে না চাইলে বাবা ও মা ‘কে হত্যার হুমকি দেয়। মা আগেই বাড়ি থেকে পাশের এক বাড়িতে অবস্থান নেয়। বাবা ইউনুস ভ্যান নিয়ে চলে যায় দামুড়হুদা।পরে নেশাগ্রস্ত ছেলে সুমন শোভার ঘরের টিন ও ঘরের ইট বিক্রি করে দেয়। এতেও ক্ষ্যন্ত হয়নি নেশাগ্রস্ত ছেলে সুমন। রান্না করে খাওয়া চুলাও ভেঙ্গে দেয়।

ভ্যান চালক বাবা ইউনুস জানায়, বর্তমানে আমি নিরাপত্তা হীনতায় ভুগছি। তারপর কোনো উপায়ান্তর না পেয়ে দামুড়হুদা মডেল থানায় পুলিশের কাছে বিষয়টি জানালে পুলিশ বলে আপনি চুয়াডাঙ্গা কোর্টে চলে যান, ওখানে মামলা করেন। এখানে এ মামলা হবে না।

বৃদ্ধ বাবা কোনো দিক না তাকিয়ে সোধা শাপটা বাসায় চলে আসে। এসে সাংবাদিকদের নিকট ফোন দেয়। সাথে সাথে সাংবাদিকরা হাজির হয় ঐ বাসায়। সাংবাদিকরা সরজমিনে গেলে মেলে ঘটনার সত্যতা।

তিনি বললেন, বাবা তোমরা আমাদের সন্তানের মতো, একটা কিছু ব্যাবস্থা করো। তা নাহলে, আমরা যেকোনো মুর্হূতে খুন হয়ে যেতে পারি। তাই প্রশাসনের সুদৃষ্টি কামনা করছে ভুক্তভোগী মহল।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনাসভা

“সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায় ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদায় ৫৪ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসন ও সমবায় বিভাগের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে সমবায় অফিসের সামনে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির সূচনা শুরু হয়। পরবর্তীতে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমবায় অফিসার হারুন-অর-রশীদের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান,উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, প্রাণী সম্পদ কর্মকর্তা লীলিমা আক্তার হ্যাপী, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা ইউসিসিএ চেয়ারম্যান মহসীন আলী শাহ পিন্টু, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউপির (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলা শিক্ষক কর্মচারী কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান প্রভাষক গিয়াস উদ্দিনসহ উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক ও উদ্যোক্তাবৃন্দ।

আলোচনা সভায় বক্তারা সমবায় সমিতির তাৎপর্য তুলে ধরে বক্তব্য দেখতে গিয়ে বলেন “দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ!” শিল্প বিপ্লবের সময় যখন কৃষি ব্যবস্থায় ধ্বস নেমেছিল তখন থেকেই সমবায়ের ধারণা শুরু হয়। সমবায়ের মাধ্যমে বিশ্বব্যাপী যুগে যুগে মানুষ আর্থিক মুক্তি লাভ করে নিজেকে প্রতিষ্টিত করেছে। সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে আর্থিক ও সামাজিক মুক্তি লাভের জন্য যেকোনো কাজের উদ্যোগ নিয়ে সংগঠন গঠন করে স্বচ্ছ ভাবে পরিচালনা করলে সফলতা মিলবে।

এবার উপজেলার শ্রেষ্ঠ সমবায় সমিতিদের মাঝে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার ও ক্রেস্ট প্রদান করা হয়।বিশেষ ও অন্যান্য শ্রেনী ক্যাটাগরিতে ভরশা বহুমুখী সমবায় সমিতি লিঃ, ব্যবসায় ক্যাটাগরিতে একতা হেয়ার প্রসেসিং ব্যবসায়ি সমবায় সমিতি লিঃ, সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় ক্যাটাগরীত হরিরামপুর সেবা ও ঋণদান সমবায় সমিতি লিঃ, উৎপাদনমূখী সমবায় ক্যাটাগরীতে দলকা মরাগাংনী মৎসজীবী সমবায় সমিতি লিঃ পুরস্কার ও ক্রেস্ট লাভ করে।

দামুড়হুদায় জেলা বিএনপির সভাপতি বাবু খানের নির্বাচনী পথসভা

বিজিএমইএ ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু বলেছেন, “দিনের ভোট রাতে হয়ে গেছে, আপনার ভোট অন্য কেউ দিয়ে গেছে। ভোটকেন্দ্রে আমি, আপনি, আমরা কেউই যেতে পারিনি। ২০১৮ সালের নির্বাচন আমাদের কাছে এক দুঃস্বপ্নের মতো। ওই নির্বাচনে ধানের শীষের প্রতীক নিয়ে আমি প্রার্থী হয়েছিলাম। ৩০ ডিসেম্বর ভোটের দিন নির্ধারিত ছিল।

২৫ ডিসেম্বর এসপি সাহেব আমাকে ফোন করে বলেন, ‘বাবু সাহেব, কাল থেকে নির্বাচনী প্রচারণায় যাবেন না।’ আমি জানতে চাই, কেন যাব না? তিনি বলেন, ‘আপনার নিরাপত্তা দিতে পারব না।’ তখন আমি বলেছিলাম, ‘আমি রাজনীতি করি, নির্বাচনে অংশ নিয়েছি। নিরাপত্তা দেওয়া বা না

দেওয়া আপনার বিষয়, আমি ঠিকই প্রচারণায় যাব।’ ২৬ তারিখ উথলীতে প্রচারণায় গেলে আমার সঙ্গে থাকা কর্মীদের রক্তাক্ত অবস্থায় ফিরে আসতে হয়। আইনশৃঙ্খলা বাহিনী কোনো সহযোগিতা করেনি। হয়তো ২০১৮ সালে আমরা ভোট করতে পারিনি, কিন্তু আমাদের সংগ্রাম ও আন্দোলন বৃথা যায়নি।”

শনিবার (১ নভেম্বর) চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নে নির্বাচনী পথসভায় অংশ নিয়ে এসব কথা বলেন বিএনপি মনোনীত চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য (এমপি) প্রার্থী মাহমুদ হাসান খান বাবু। ওই দিন তিনি ইউনিয়নের বিভিন্ন গ্রামে মোট সাতটি পথসভা করেন।

তিনি আরও বলেন, “দীর্ঘ ১৭ বছর আমরা আন্দোলন-সংগ্রাম করেছি প্রকাশ্যে দিবালোকে। কোনো দলের মতো গোপনে রাজনীতি করিনি, দলের ভেতর দল তৈরি করিনি। আমরা জিয়াউর রহমানের আদর্শে বিশ্বাসী, প্রকাশ্যে সব সময় একই কথা বলেছি আমরা বিএনপি করি, জাতীয়তাবাদে বিশ্বাস করি। আমরা কারও গোয়েন্দাগিরি করিনি, আমাদের ইমান বিক্রি করিনি, কেবলা পরিবর্তন করিনি। যারা আজ আমাদের প্রতিদ্বন্দ্বিতা করছে, তারা এ দেশের স্বাধীনতায় বিশ্বাস করে না।”

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি বলেন, “১৯৭১ সালে তাদের ভূমিকা আমরা জানি। এখন তারা বাংলাদেশের মানুষের জন্য মায়াকান্না করে। যারা স্বাধীনতা ও সার্বভৌমত্বে বিশ্বাস করে না, তাদের এই মায়াকান্না আসলে এক ধরনের বিভ্রান্তি। এ কারণেই তারা উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য কিংবা কৃষির কথা বলে না। তারা শুধু বলে ‘বেহেশতের টিকিট বিক্রি’ এসব অচল কথা। এসব এখন আর চলে না। কীভাবে বেহেশতে যাওয়া যায়, তা আমরা জানি।”

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিলটন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জুলফিকার আলি ভুট্টু, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল প্রমুখ।

দামুড়হুদায় ৫ প্রতিষ্ঠানে ৩৫ হাজার টাকা জরিমানা

লাইসেন্স নবায়ন না করা ও পেট্রোল-ডিজেলের পরিমাণে কম দেওয়ার অপরাধে চুয়াডাঙ্গার দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালত ৫টি প্রতিষ্ঠানকে মোট ৩৫ হাজার টাকা জরিমানা করেছেন।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলার বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট কে. এইচ. তাসফিকুর রহমান।

জানা যায়, দামুড়হুদায় ব্রিজ স্কেলের লাইসেন্স নবায়ন না করা এবং পেট্রোল-ডিজেল টাকার পরিমাণে কম দেওয়ার অপরাধে ওজন ও পরিমাপ মানদণ্ড আইন ২০১৮ সালের ৪৬/৪৮ ধারায় দোষী সাব্যস্ত করে জরিমানা করা হয়।

এর মধ্যে দামুড়হুদা ফিলিং স্টেশনের ম্যানেজারকে ৫ হাজার টাকা, ডিজিটাল ব্রিজ স্কেলের মালিককে ৫ হাজার টাকা, সাদমান ট্রেডার্সের মালিককে ১০ হাজার টাকা, প্রগতি ডিজিটাল স্কেলকে ৫ হাজার টাকা এবং লোকনাথপুরের মেসার্স কে. এম. ফিলিং স্টেশনের মালিককে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। মোট ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন কুষ্টিয়া বিএসটিআইয়ের পরিচালক নাজমুল সাদাত, পরিদর্শক আসিফ করিম এবং দামুড়হুদা মডেল থানার পুলিশের একটি টিম।